

# সমষ্টিভাগী তহবিল (কম্যুনিটি পার্টিসিপেশন ফান্ড) কর্মসূচী

## প্ৰেক্ষাপট

দেশের নগরগুলিকে আর্থিক উৎপাদনমুখী, দক্ষ ও সংবেদনশীল করে গড়ে তোলার লক্ষ্যে ২০০৫ সালের ৩রা ডিসেম্বর জহরলাল নেহেরু আরবান রিনিউয়াল মিশনের সূচনা করা হয়। এখন পর্যন্ত এটি নগরোন্নয়নের সব থেকে বড় প্রচেষ্টা। কেন্দ্রীয় সরকার মিশন কালের ৭ বৎসর সময়ে ৫০০০০ কোটি টাকা আর্থিক সহায়তা দেবে। JNNURM এর দুটি মূল লক্ষ্য— একটি নগরকেন্দ্রিক পরিকাঠামো ও পরিচালন ব্যবস্থা গড়ে তোলা ও অন্যটি দরিদ্র শহরবাসীদের জন্য প্রাথমিক পরিষেবার সৃষ্টি করা।

সমস্ত শহরগুলির পরিচালন পরিকাঠামো প্রায় অভিন্ন হলেও JNNURM কর্মসূচীতে শহরগুলিকে তাদের সমস্যার সমাধান নিজেদের মত করেই করার দায়িত্ব দেওয়া হয়েছে। শহরগুলি নিজেদের উন্নয়নের ভবিষ্যত রূপরেখা নিজেই নির্ধারণ করবে এবং শহরবাসীদের আবেগ ও উৎসাহকে মর্যাদা দিয়ে অর্থনৈতিক উন্নয়নের সুযোগ বৃদ্ধি করবে। এর ফলে স্থানীয় সমস্যার সমাধান স্থানীয় ভাবে হওয়া সম্ভব হবে এবং স্বায়ত্ত্ব শাসন, সকল নাগরিকের অংশগ্রহণ এবং আরও বেশী বিকেন্দ্রীকরণ সুনিশ্চিত হবে।

JNNURM সুনিশ্চিত করতে চেয়েছে যাতে সব রাজ্য সরকার সমষ্টির অংশগ্রহণ সংক্রান্ত আইন প্রণয়ন করে এবং পৌরসভার ওয়ার্ড এর আওতায় অঞ্চল সভা গঠিত হতে পারে। রাজ্যসরকারকে পাব্লিক ডিসক্লোজার বা জনগণের জ্ঞাতার্থে আইন প্রণয়ন করতে হবে, যাতে পৌরসভা মাঝে মাঝে সকল তথ্য জনগণের সামনে প্রকাশ করে। শহর উন্নয়ন পরিকল্পনা তৃণমূল স্তরের অংশভাগীদের সঙ্গে আলোচনা করে মিশনের কাছে তা পেশ করা হোক, এটাও মিশনের চাহিদা।

একইসঙ্গে এখন ধরে নেওয়া যেতে পারে যে, এই অংশগ্রহণের জন্য যে দক্ষতা সরকার সমষ্টিগুলির তা খুবই কম। উপরোক্ত অংশগ্রহণ সুনিশ্চিত করার লক্ষ্যে একটি মঞ্চ গড়ে দেওয়া সমষ্টির অংশগ্রহণের একটা ধাপ মাত্র। এটাও দেখতে হবে এই মঞ্চ ব্যবহারের মত দক্ষতা সমষ্টির আছে কিনা। শহরের দরিদ্রদের জন্য এই বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ।

এই সমস্ত বিষয়গুলি যথাযথভাবে বিবেচনার জন্য Community Participation Fund অর্থাৎ সমষ্টির অংশগ্রহণের জন্য তহবিল তৈরি করা হয়েছে, এর প্রাথমিক উদ্দেশ্য সমষ্টির মধ্যে দক্ষতা বাড়ানো যার ফলে তাদের জীবনযাপনের মান উন্নত হতে পারে। JNNURM অর্ন্তভুক্ত Community Participation Fund সমন্ধে প্রয়োজনীয় বিষয় জানার জন্য এই টুলকিট অর্থাৎ এই তহবিল ব্যবহারের জন্য নির্দেশিকা। JNNURM মিশন ডাইরেক্টরেট টেকনিক্যাল আডভাইসার গ্রুপ এর থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে এই নির্দেশিকা প্রয়োজনে পরিবর্তন করতে পারেন।